যুগান্তর

26 JUN 2003
পৃষ্ঠা ... কলাম ...

# যশোরে প্রাথমিক শিক্ষার হার বেড়েছে

যশোর ব্যুরো

যশোর জেলায় প্রাথমিক শিক্ষার হার বেড়েছে। এ বছর বিদ্যালয় গমনোপযোগী জেলার ৪ লাখ ২৮ হাজার ১৭৩ জন শিশুর মধ্যে ৯৭ শতাংশ শিশুই প্রাথমিক শিক্ষা গ্রহণ করছে। গত বছর এই হার ছিল ৯৪ শতাংশ। শিক্ষা অধিদফতরের এক জরিপে দেখা যায়, এ বছর প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা গ্রহণকারী শিশুর সংখ্যা ৩ লাখ ৪১ হাজার ৯৩০ জন। গত বছরের তুলনায় এই সংখ্যা ১৫ হাজারেরও বেশি। জরিপে দেখা যায়, জেলার সরকারি-বেসরকারি ৭ হাজার ১৩৫টি শিক্ষা প্রতিষ্ঠানে এসব শিশু লেখাপড়া করছে। এর মধ্যে প্রথম শ্রেণীতে ৮১ হাজার ৩৬০ জন, ২য় শ্রেণীতে ৭৪ হাজার ৫৯৭ জন, তৃতীয় শ্রেণীতে ৬৭ হাজার ৯৭১ জন, ৪র্থ শ্রেণীতে ৬৪ হাজার ২০৪ জন এবং ৫ম শ্রেণীতে ৫৩ হাজার ৭৯৮ জন ছাত্রছাত্রী লেখাপড়া করছে। শিক্ষা কর্মকর্তারা বলছেন, যশোর জেলায় প্রাথমিক শিক্ষার হার আরও বাড়বে বলে তারা আশাবাদী। তারা মনে করেন, সরকারি সংস্থার পাশাপাশি এক্ষেত্রে বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থারও অবদান রয়েছে।